




তামাক ও নারী : বাংলাদেশ প্রেক্ষাপট

পৃথিবীতে প্রতিরোধযোগ্য মৃত্যুর সর্ববৃহৎ কারণ তামাক সেবন। তামাক সেবনের ফলে সারা পৃথিবীতে প্রতি ১০ জন প্রাপ্তবয়স্ক মানুষের মধ্যে একজনের মৃত্যু ঘটে। অর্থাৎ তামাক সারা পৃথিবীতে প্রতি বছর ৫৪ লক্ষ মানুষের প্রাণ কেড়ে নিচ্ছে।^১ পৃথিবীর প্রায় ১০০ কোটি তামাক ব্যবহারকারীর মধ্যে ২০% নারী।^২


বাংলাদেশের নারীদের মধ্যে তামাক ব্যবহারের উচ্চ প্রবণতা

- ▶ বাংলাদেশে ৪৩% প্রাপ্তবয়স্ক মানুষ তামাক সেবন করেন। অর্থাৎ দেশে বর্তমানে তামাক ব্যবহারকারীর সংখ্যা ৪ কোটির বেশি। নারীদের মধ্যে এ হার ২৯% এবং পুরুষদের মধ্যে ৫৮%।^৩
- ▶ ধোঁয়াবিহীন তামাক ব্যবহারের হার নারীদের মধ্যে অনেক বেশি। এ হার পুরুষদের মধ্যে ধোঁয়াবিহীন তামাক ব্যবহারের হারের চেয়েও বেশি। নারীদের মধ্যে ২৮% এবং পুরুষদের মধ্যে ২৬% ধোঁয়াবিহীন তামাক ব্যবহার করেন।^৪
- ▶ ধূমপানের হার পুরুষের মধ্যে অনেক বেশি। ৪৫% পুরুষ ও ১.৫% নারী সিগারেটের মাধ্যমে এবং ২১% পুরুষ ও ১.১% নারী বিড়ির মাধ্যমে ধূমপান করেন।^৫
- ▶ তবে পুরুষের ধূমপানের ফলে নারীদের পরোক্ষ ধূমপানের শিকার হবার হার অনেক বেশি। ২০০৯ সালের তথ্য অনুসারে, ৩০% প্রাপ্তবয়স্ক নারী কর্মস্থলে এবং ২১% নারী জনসমাগমস্থলে পরোক্ষ ধূমপানের শিকার হচ্ছেন।^৬ অর্থাৎ ধূমপান না করেও পরোক্ষ ধূমপানের শিকার বাংলাদেশের প্রায় ১ কোটি নারী।

বাংলাদেশে তামাক সেবনের হার [২০০৯]



ধোঁয়াবিহীন তামাক ব্যবহারের হার [%]



তামাক সেবন নারীর স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর

- ▶ ধোঁয়াবিহীন তামাক সেবন মুখের ক্যান্সার, খাদ্যনালীর ক্যান্সার, অগ্নাশয়ের ক্যান্সার, রক্তচাপ ও হৃদকম্পন বৃদ্ধির মতো মারাত্মক রোগের কারণ। এছাড়া নারীদের ক্ষেত্রে সন্তান জন্মদান সংক্রান্ত জটিলতা (যেমন কম ওজনের সন্তান জন্মদান) হতে পারে।^৪
- ▶ প্রত্যক্ষ ও পরোক্ষ ধূমপানের ফলে ফুসফুসের ক্যান্সার, হৃদরোগ ও স্ট্রোক, শ্বাস-প্রশ্বাসের সমস্যা, অন্যান্য ক্যান্সার এবং সন্তান জন্মদান সংক্রান্ত সমস্যা হয়।^৪
- ▶ যদিও নারীরা পুরুষের তুলনায় কম ধূমপান করেন, পুরুষদের ধূমপানের ফলে পরোক্ষ ধূমপানের শিকার অধূমপায়ী নারী ও মেয়ে শিশুরা ফুসফুসের ক্যান্সার এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যার বর্ধিত ঝুঁকি বহন করছেন।^৬

নারীদের তামাকের ক্ষতি থেকে বাঁচানোর জন্য দ্রুত পদক্ষেপ জরুরী

- ▶ ধোঁয়াবিহীন তামাক সেবন ও পরোক্ষ ধূমপান বাংলাদেশের নারীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সমস্যা।
- ▶ যেহেতু পুরুষদের মধ্যে ধূমপানের হার বেশি, সেহেতু এ কথা বলা যায় যে পরোক্ষ ধূমপানের শিকার নারীরা মাত্রাতিরিক্ত বৈষম্যের শিকার।
- ▶ তামাক সেবন ও পরোক্ষ ধূমপানের ক্ষতি থেকে নারীদের রক্ষা করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ অত্যন্ত জরুরী। তামাক নিয়ন্ত্রণের স্বীকৃত উপায়সমূহ যেমন সম্পূর্ণ ধূমপানমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ, তামাকপণ্যের প্যাকেটে সচিত্র সতর্কবাণী এবং তামাকপণ্যের উপর বেশি করে করারোপ ইত্যাদি পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশের অনেক নারীর জীবন বাঁচানো সম্ভব।

1. World Health Organization (WHO). WHO Report on the global tobacco epidemic, 2008: The MPOWER package. Geneva: 2008. Available from: http://www.who.int/entity/tobacco/mpower/mpower_report_full_2008.pdf.
2. World Health Organization. World No Tobacco Day 2010: Theme: Gender and tobacco with an emphasis on marketing to women. Geneva: World Health Organization; 2009 [cited 2010 March 18, 2010]; Splash page on Women and Tobacco for World No Tobacco Day]. Available from: <http://www.who.int/tobacco/wntd/2010/announcement/en/index.html>.
3. Global adult tobacco survey (GATS): Bangladesh [database on the Internet]. World Health Organization. 2009. Available from: http://www.searo.who.int/LinkFiles/Regional_Tobacco_Surveillance_System_GATBAN_FullReport2009.pdf.
4. International Agency for Research on Cancer (IARC). IARC Monographs on the Evaluation of Carcinogenic Risks to Humans. Volume 83: Tobacco smoke and involuntary smoking: Summary of data reported and evaluation. Geneva: WHO; 2002. Available from: <http://monographs.iarc.fr/ENG/Monographs/vol83/volume83.pdf>.
5. Moritsugu KP. The 2006 Report of the Surgeon General: the health consequences of involuntary exposure to tobacco smoke. Am J Prev Med. 2007 Jun;32(6):542-3.
6. Ali Z, Rhaman A, Rahman T. Appetite for nicotine: An economic analysis of tobacco control in Bangladesh. Economics of Tobacco Control Paper no. 16. Washington, D.C.: World Bank; 2003. Available from: http://www.searo.who.int/LinkFiles/NMH_ApetiteforNicotine.pdf.




Women and Tobacco in Bangladesh


Smoking is the leading preventable cause of death in the world. Tobacco use causes 1 in 10 deaths among adults worldwide, killing 5.4 million people each year.¹ Women comprise 20% of the world's more than 1 billion smokers.²

Tobacco Use is High Among Women in Bangladesh

- ▶ 43% of all adults use some form of tobacco in Bangladesh (29% of women and 58% of men).³
- ▶ Rates of smokeless tobacco use are very high among women and exceed use among men. 28% of women and 26% of men report using smokeless tobacco.³
- ▶ Rates of smoking are much higher among men. 45% of men and 1.5% of females smoke cigarettes and 21% of men and 1.1% of females smoke bidis.³
- ▶ However, women report high levels of exposure to second-hand smoke from smoking by men. In 2009, 30% of women reported exposure to secondhand smoke at the workplace and 21% reported exposure in public places.³



Smokeless Tobacco Use by Gender



Tobacco Use Causes Significant Harms to Women's Health

- ▶ Smokeless tobacco causes oral cancer, esophageal cancer, pancreatic cancer, increased blood pressure and heart rate and negative reproductive outcomes such as an increased risk of having a low birth weight infant.⁴
- ▶ Smoking and exposure to secondhand smoke causes lung cancer, heart disease and stroke, COPD, other cancers and reproductive problems.⁴
- ▶ While females smoke less than men, non-smoking women and girls suffer increased risk of lung cancer and other health problems due to secondhand smoke exposure from males.⁵

Action must be taken to Protect Women from the Harms of Tobacco Use

- ▶ Smokeless tobacco use and exposure to secondhand smoke is a serious health issue for women in Bangladesh.
- ▶ Because the prevalence of smoking is much higher in men than in women, secondhand smoke disproportionately harms women.
- ▶ Strong action must be taken to protect women from the harms of tobacco use and exposure to second hand smoke. Tobacco control policies, such as comprehensive smoke-free environments, graphic warning labels on smoking and smoke-less tobacco products, and increased tobacco taxes reduce tobacco use and will save the lives of women in Bangladesh.

1. World Health Organization (WHO). WHO Report on the global tobacco epidemic, 2008: The MPOWER package. Geneva: 2008. Available from: http://www.who.int/entity/tobacco/mpower/mpower_report_full_2008.pdf.

2. World Health Organization. World No Tobacco Day 2010: Theme: Gender and tobacco with an emphasis on marketing to women. Geneva: World Health Organization; 2009 [cited 2010 March 18, 2010]; Splash page on Women and Tobacco for World No Tobacco Day]. Available from: <http://www.who.int/tobacco/wntd/2010/announcement/en/index.html>.

3. Global adult tobacco survey (GATS): Bangladesh [database on the Internet]. World Health Organization. 2009. Available from: http://www.searo.who.int/LinkFiles/Regional_Tobacco_Surveillance_System_GATBAN_FullReport2009.pdf.

4. International Agency for Research on Cancer (IARC). IARC Monographs on the Evaluation of Carcinogenic Risks to Humans. Volume 83: Tobacco smoke and involuntary smoking: Summary of data reported and evaluation. Geneva: WHO; 2002. Available from: <http://monographs.iarc.fr/ENG/Monographs/vol83/volume83.pdf>.

5. Moritsugu KP. The 2006 Report of the Surgeon General: the health consequences of involuntary exposure to tobacco smoke. Am J Prev Med. 2007 Jun;32(6):542-3.

6. Ali Z, Rrahman A, Rahman T. Appetite for nicotine: An economic analysis of tobacco control in Bangladesh. Economics of Tobacco Control Paper no. 16. Washington, D.C.: World Bank; 2003. Available from: http://www.searo.who.int/LinkFiles/NMH_AppetiteforNicotine.pdf.